



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৯৬৬)জাতীঃবিঃ/প্রশাঃ/চুক্তিঃনিয়োগ/২০১৪/১/২৭০৬

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে Post Graduate Diploma (PGD) কোর্সসমূহ সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে চুক্তিভিত্তিতে ০২ (দুই) জন কোঅর্ডিনেটর ও ০২ (দুই) জন কো-কোঅর্ডিনেটর হিসাবে নিয়োগের নিমিত্তে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহ্বান করা যাইতেছে:

যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স:

১. একাডেমিক প্রোগ্রাম পরিচালনায় পূর্ব-অভিজ্ঞতা থাকিতে হইবে।
২. শিক্ষকতা বা গবেষণা বা অনুরূপ কোনো পেশাগত পদে কাজের অথবা প্রাকটিশনার (Practitioner) হিসাবে পূর্ব চাকুরির অভিজ্ঞতাকে গুরুত্ব দেওয়া হইবে।
৩. শিক্ষকতার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৪. প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৭০ বৎসর।
৫. বিশ্ববিদ্যালয়ের বিধির আলোকে আলোচনা সাপেক্ষে প্রার্থীর বেতন নির্ধারণ করা হইবে।
৬. চুক্তির মেয়াদ অনধিক ০১ (এক) বৎসর হইবে।

আবেদনের শর্তাবলী:

১. উক্ত পদে আবেদনের নিমিত্তে Online Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ৩০/০১/২০২৩ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট jobs.nu.ac.bd এ পাওয়া যাইবে। আগ্রহী প্রার্থীদের আগামী ২৮/০২/২০২৩ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উক্ত jobs.nu.ac.bd এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।
২. চাকরিরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সদ্য তোলা ছবি, স্বাক্ষর, সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি, বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সমতা নিরূপণ সনদপত্র এবং প্রকাশনার (যদি থাকে) সমর্থনে সত্যায়িত প্রমাণক-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
৩. Online Application Form-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি ০৯ (নয়) সেট ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ২৮/০২/২০২৩ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
৪. নির্বাচনী বোর্ডের সুপারিশ সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত হইলে প্রার্থীগণের অনুকূলে কোঅর্ডিনেটর বা কো-কোঅর্ডিনেটর হিসাবে কাজের শর্তাবলি, সম্মানী ইত্যাদি নির্ধারণপূর্বক শর্তাদি যুক্ত করিয়া প্রস্তাবপত্র (Offer letter) প্রদান করা হইবে।
৫. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
৭. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

জাতীয় বিশ্ববিদ্যালয়